অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল মহামারী চলাকালীন নিউ ইয়র্কের বয়স্কদের জন্য সরাসরি কমিউনিটি সহায়তা বাবদ 149 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করার ঘোষণা করেছেন

বয়স্ক নিউ ইয়র্কবাসীদের মৌলিক চাহিদা পূরণ, যা তাদের বাড়ি এবং সম্প্রদায়ের মধ্যে থাকতে দেয় এবং কোভিড-19 এর বিস্তার মন্থর করতে দেয়, তার জন্য অর্থায়ন গুরুত্বপূর্ণ

হোচুল প্রশাসন বয়স্ক আমেরিকানদের আইন আধুনিকীকরণের জাতীয় প্রচেষ্টার এবং ফেডারেল বিনিয়োগ সম্প্রসারণ করতে যা বয়স্ক জনসংখ্যার জন্য পরিষেবাগুলিকে সাশ্রয়ী করাকে সমর্থন করে, তার নেতৃত্ব দিচ্ছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে বয়স্ক নিউ ইয়র্কবাসীদের মৌলিক চাহিদা পূরণ করতে, তাদের বাড়িতে এবং সম্প্রদায়ের মধ্যে থাকতে, কোভিড-19 ভাইরাসের বিস্তারকে ধীর করতে এবং টিকা নিতে প্রায় 149 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল সহায়তা রাজ্যব্যাপী কাউন্টিগুলিতে বিতরণ করা হয়েছে।

বয়স্ক প্রাপ্তবয়স্করা আমাদের সম্প্রদায় এবং পরিবারগুলিতে যে বিশাল অর্থনৈতিক ও সামাজিক অবদান রেখেছেন তার স্বীকৃতিস্বরূপ এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই সহায়ক তহবিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization) এবং আমেরিকান অ্যাসোসিয়েশন অফ রিটায়ার্ড পার্সনস (American Association of Retired Persons, AARP) কর্তৃক মনোনীত, জাতির প্রথম বয়স-অনুকূল রাজ্য হিসাবে নিউ ইয়র্কের উত্কর্ষতার উদাহরণ।

"আমাদের প্রবীণ সম্প্রদায়ের সহায়তার মরিয়া প্রয়োজন, এবং ফেডারেল উদ্দীপক তহবিল ব্যবহার আমাদের বার্ধক্য পরিষেবা নেটওয়ার্ককে শক্তিশালী করবে, এবং যাদের তা প্রয়োজন তাদের জন্য সমর্থন বাড়াবে," **গভর্নর হোচুল বলেন।** "বহু অপরিহার্য পরিষেবাগুলি চলতে থাকবে - খাদ্য এবং ওষুধ সরবরাহ, পরিবহন, সামাজিক বিচ্ছিন্নতার মোকাবেলা করা, এবং বয়স্কদের সাথে দুর্ব্যবহার এবং আর্থিক শোষণ বন্ধ করা, সবগুলি পরিবারের সদস্যদের সমর্থন করার সাথে যারা বয়স্ক প্রাপ্তবয়স্কদের পরিচর্যা করেন যাতে তারা কাজে ফিরে আসতে পারেন। এই প্রয়োজনগুলি অব্যাহত থাকবে এবং মহামারী পেরিয়ে ভালোভাবে বৃদ্ধি পাবে, কিন্তু আমার প্রশাসন আমাদের বয়স্ক জনসংখ্যার জন্য অক্লান্ত পরিশ্রম করবে।"

নীচে নিউ ইয়র্কের বার্ধক্য পরিষেবা নেটওয়ার্কের জন্য উদ্দীপক তহবিলের পরিমাণগুলি আছে, যা আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ আঞ্চলিক ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Regional Economic Development Council, REDC) অঞ্চল অনুযায়ী বরাদ্দ করা:

REDC অঞ্চল	প্রদান করা উদ্দীপক তহবিল
Western New York Allegany, Cattaraugus, Chautauqua, Erie, Niagara	$11,488,696
Finger Lakes Genesee, Livingston, Monroe, Ontario, Orleans, Seneca, Wayne, Wyoming, Yates	$8,917,053
Southern Tier Broome, Chemung, Chenango, Delaware, Schuyler, Steuben, Tioga, Tompkins	$5,401,414
Central New York Cayuga, Cortland, Madison, Onondaga, Oswego	$5,563,927
Mohawk Valley Fulton, Herkimer, Montgomery, Oneida, Otsego, Schoharie	$4,355,631
North Country Clinton, Essex, Franklin, Hamilton, Jefferson, Lewis, St. Lawrence	$4,259,349
Capital District Albany, Columbia, Greene, Rensselaer, Saratoga, Schenectady, Warren, Washington	$7,136,560
Hudson Valley Dutchess, Orange, Putnam, Rockland, Sullivan, Ulster, Westchester	$15,237,162
New York City	$69,492,838
Long Island Nassau, Suffolk	$17,617,519

গভর্নর হোচুল এই ফেডারেল উদ্দীপনা বিনিয়োগের উপর গড়ে তোলার জন্য কাজ করছেন, এই বিষয়কে স্বীকৃতি দিয়ে যে বয়স্ক ব্যক্তিদের এবং তাদের পরিবারের পরিচর্যাকারীদের সহায়তা সমাজে তাদের অর্থনৈতিক ও সামাজিক অবদান বজায় রাখতে সাহায্য করে। নিউ ইয়র্ক ওল্ডার আমেরিকানস অ্যাক্টের আধুনিকীকরণের জন্য 2.7 বিলিয়ন মার্কিন ডলারের জাতীয় প্রচেষ্টার নেতৃত্ব দিচ্ছে, যা রাজ্য এবং স্থানীয় বার্ধক্য পরিষেবা কর্মসূচী প্রশাসনকারী তহবিল ও বিধিমালার ফেডারেল কাঠামো।

ওল্ডার আমেরিকানস অ্যাক্টের অধীনে, নিউ ইয়র্কের বার্ধক্য পরিষেবা প্রোগ্রামগুলি প্রাথমিকভাবে রাজ্য এবং কাউন্টির ডলার দ্বারা অর্থায়ন করা হয় যা 15 শতাংশের ফেডারেল

অবদানের তুলনায় প্রোগ্রাম ব্যয়ের 85 শতাংশের জন্য দায়ী। যদিও আমেরিকান রেসকিউ প্ল্যানের অধীনে এই ফেডারেল শেয়ার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, গভর্নর হোচুল বয়স্ক প্রাপ্তবয়স্কদের জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে নেটওয়ার্কের ক্রমবর্ধমান দায়িত্বগুলি পূরণের জন্য টেকসই তহবিলের আহ্বান জানাচ্ছেন।

গভর্নরের পরিকল্পনা নিউ ইয়র্কে অতিরিক্ত 175 মিলিয়ন মার্কিন ডলার নিয়ে আসবে। ওলডার আমেরিকান্স অ্যাক্ট (Older Americans Act, OAA) আধুনিকীকরণের প্রচেষ্টা আইনের প্রাচীন অংশগুলিকেও আপডেট করবে, মহামারী থেকে পাওয়া শিক্ষাকে একীভূত করবে এবং পরিষেবার সরবরাহ প্রসারিত এবং উদ্ভাবন করবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং (New York State Office for the Aging, NYSOFA) বয়সের 59-টি আঞ্চলিক এজেন্সির একটি নেটওয়ার্কের সাথে অংশীদারিত্বের সাথে কাজ করে প্রতিটি কাউন্টিতে গুরুত্বপূর্ণ সহায়তা পরিষেবা প্রদান করে যার মধ্যে আছে হোম-ডেলিভারি বা সমবেত খাদ্য প্রদান, পুষ্টি সংক্রান্ত পরামর্শ এবং শিক্ষা, অবকাশ, আইনি পরিষেবা ব্যক্তিগত পরিচর্যা, কেস ম্যানেজমেন্ট, পরিবহন, স্বাস্থ্য বীমার পরামর্শ, দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটিগুলিতে বাসিন্দাদের জন্য প্রচারণার সংস্থান এবং আরও অনেক কিছু। নেটওয়ার্কে আছে 1,176 জন ঠিকাদার, 777 সিনিয়র সেন্টার, 819 সমবেত খাবারের সাইট, 315-টি কেন্দ্রীয় রান্নাঘর এবং 2,057-টি গৃহে সরবরাহ করা খাবারের রুট।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "যদিও মহামারীটি নিউ ইয়র্কের জীবনের প্রতিটি দিককে বদলে দিয়েছে, এটি বিশেষ করে বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জীবনে বিশেষভাবে গভীর প্রভাব ফেলেছে, আমাদের থেকে অনেককে কেড়ে নিয়েছে এবং অনেককে মৌলিক চাহিদা পূরণ করতে অক্ষম করে দিয়েছে, এবং এই ভয়ে তাদের রেখেছে যে তারা তাদের বাড়ি এবং তাদের সম্প্রদায় থেকে বিচ্ছিন্ন হয়ে পরতে পারেন। যখন আমি আমেরিকান রেসকিউ প্ল্যানকে সেনেটে পাস করার জন্য নেতৃত্ব দিয়েছিলাম, তখন আমি বিশেষভাবে রাষ্ট্র-বরাদ্দকৃত রসদের ক্ষেত্রে নমনীয়তার জন্য লড়াই করেছি যাতে নিউ ইয়র্ক কোভিড মহামারির ফলে বেড়ে ওঠা সমস্যাগুলির সমাধান করতে পারে, বিশেষ করে বয়স্কদের মত আমাদের সব চেয়ে দুর্বল বাসিন্দাদের জন্য। যখন আমরা মহামারী থেকে পুনরুদ্ধার হচ্ছি তখন আমাদের বয়স্ক নিউ ইয়র্কবাসীদের অবশ্যই সমর্থন অব্যাহত রাখতে হবে, এবং আমাদের যে সব বাসিন্দাদের প্রয়োজন সব চেয়ে বেশি তাদের সহায়তা প্রদানের জন্য গভর্নর হোচুলের সাথে কাজ করতে পেরে আমি আনন্দিত।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "প্রতিটি নিউ ইয়র্কবাসী তাদের নিজের বাড়ি এবং তাদের নিজস্ব সম্প্রদায়ের স্বচ্ছন্দের মধ্যে মর্যাদার সাথে বয়ো:বৃদ্ধির সুযোগ পাওয়ার যোগ্য। আমি গর্বিত যে এই তহবিল প্রদান করতে সাহায্য করতে পেরেছি সব বয়স এবং ক্ষমতার পরিবারের পরিবর্তনশীল চাহিদার ক্ষেত্রে সহায়তা করার জন্য, বিশেষ করে কোভিড-19 সংকটের সময়। আমি বয়স্ক প্রাপ্তবয়স্কদের পক্ষে তার অক্লান্তভাবে কাজ করার জন্য গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ এবং আমাদের বয়স্ক জনসংখ্যাকে সমৃদ্ধ করার জন্য আমাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য উন্মুখ।"

প্রতিনিধি মন্ডায়ার জোন্স বলেন, "আমেরিকান রেসকিউ প্ল্যানের অংশ হিসাবে এই তহবিলকে সুরক্ষিত pete সাহায্য করতে পেরে আমি গর্বিত, এবং আমি আমাদের সম্প্রদায়গুলির জন্য এটি সুবিধার্থে এটি ব্যবহার করার জন্য হোচুল প্রশাসনকে সাধুবাদ জানাই। আমাদের বয়স্কর আমাদের সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ সদস্য এবং তারা মর্যাদায় বসবাস করতে পারেন তা নিশ্চিত করার জন্য আমাদের একটি নৈতিক দায়িত্ব রয়েছে। যখন আমরা কোভিড-19 মহামারী থেকে বেরিয়ে আসছি, এই তহবিল ওয়েস্টচেস্টার, রকল্যান্ড এবং নিউ ইয়র্ক জুড়ে বয়স্কদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং সমৃদ্ধি রক্ষার জন্য গুরুত্বপূর্ণ।"

NYSOFA পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "মহামারীটি জাতির কাছে তুলে ধরেছে যে বার্ধক্য নেটওয়ার্ক পরিষেবা সেবা প্রদানের ক্ষেত্রে, ভাইরাসের বিস্তারকে ধীর করার ক্ষেত্রে, মানুষদের নিরাপদ রাখা এবং জীবন বাঁচানোর ক্ষেত্রে কতটা গুরুত্বপূর্ণ। আমাদের বয়স্ক প্রাপ্তবয়স্কদের সাথে তাদের প্রাপ্য সুবিধা পেতে, কাজ খোঁজার জন্য, সুস্থ থাকার জন্য, এবং তার যেখানে থাকতে চান - তাদের বাড়ি এবং তাদের পছন্দের সম্প্রদায়ে - সেখানে তাদের থাকার জন্য তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলি প্রদান করা যার গড় খরচ ব্যক্তি প্রতি 10,000 মার্কিন ডলার, টা প্রদান করার ক্ষেত্রে আমাদের প্রায় 50 বছরের অভিজ্ঞতা আছে। আমাদের সকলকেই বয়সবাদ এবং বন্ধ ছাঁচে ফেলার বিরুদ্ধে মোকাবেলায় আমাদের ভূমিকা পালন করতে হবে এবং এই জনসংখ্যা কতটা মূল্যবান তা স্বীকার করতে হবে। গভর্নরের নেতৃত্বই আমাদের নেটওয়ার্ক এত সফল হওয়ার কারণ, এবং আমি তাদের ভূমিকা নিয়ে বিশেষভাবে গর্বিত, বিশেষ করে মহামারীর প্রতিক্রিয়ার সময়, উদ্ভাবন অব্যাহত রাখার জন্য এবং কঠিন সময়ে প্রয়োজন পূরণ করার জন্য কঠোর পরিশরম করার জন্য।"

AARP নিউ ইয়র্ক স্টেট ডিরেক্টর বেথ ফিনকেল বলেন, "কার্যত সমস্ত বয়স্ক প্রাপ্তবয়স্করা তাদের বাড়ি এবং সম্প্রদায়ের মধ্যে থাকতে চান এবং তাদের সুস্থ এবং নিরাপদ রাখা সর্বাধিক গুরুত্বপূর্ণ। AARP নিউ ইয়র্ক গভর্নর হোচুলকে ধন্যবাদ জানায় এই ফেডারেল সহায়তা রাজ্যের চারপাশের বয়স্ক নিউ ইয়র্কবাসীদের সাহায্য করছে টা নিশ্চিত করার জন্য এবং নিউ ইয়র্ককে - AARP/ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (World Health Organization) নেটওয়ার্ক অফ এজ এর ফ্রেন্ডলি স্টেটস অ্যান্ড কমিউনিটিজ 2017 এ যোগদানকারী প্রথম রাজ্য - সব বয়সের জন্য বাসযোগ্য করা অব্যাহত রেখেছে।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অফ কাউন্টিজের (New York State Association of Counties, NYSAC) নির্বাহী পরিচালক স্টিফেন জে অ্যাকুয়ারিও বলেন, "বয়স্ক নিউ ইয়র্কবাসীদের তুলনায় কেউই কোভিড-19 মহামারীর সময় বেশি ক্ষতিগ্রস্থ হননি, জীবনহানি এবং পরিষেবায় বিঘ্ন ঘটা, উভয় ক্ষেত্রেই, যা বয়স্কদের মর্যাদা সহ বাঁচতে সাহায্য করে। পুরো মহামারীর মধ্যে, শুধু কয়েকজনের নাম করতে গেলে বলতে হয় বয়স্কদের জন্য কাউন্টি অফিসগুলি সামনের সারিতে ছিল, নিশ্চিত করতে যে বয়স্ক নিউ ইয়র্কবাসীরা খাবারের প্রবেশাধিকার যেন অব্যাহত থাকে এবং কোভিড টিকাকরণের উদ্যোগে তাদের সহায়তা করতে। আমরা এই তহবিল বিতরণের জন্য গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই কারণ এটি অপরিহার্য সম্মুখ সারির কাজকে সমর্থন করার জন্য গুরুত্বপূর্ণ যা কাউন্টিগুলি বয়স্ক নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারগুলিকে সমর্থন করার জন্য করে এবং কাউন্টি, রাজ্য এবং আমাদের স্থানীয়

সম্প্রদায়ের পরিষেবার এজেন্সিগুলিকে আমাদের বয়স্কদের নিরাপদ ও সুস্থ রাখতে সাহায্য করার জন্য এক সাথে কাজ করার ক্ষেত্রে সহায়তা করে।"

অ্যাসোসিয়েশন অন এজিং ইন নিউ ইয়র্কের (Association on Aging in New York, AANYS) নির্বাহী পরিচালক বেকি প্রেভ বলেন: "অ্যাসোসিয়েশন অন এজিং ইন নিউ ইয়র্ক এই তহবিলের দ্বারা প্রদান করা বার্ধক্য পরিষেবাগুলিতে প্রয়োজনীয় এবং উল্লেখযোগ্য বিনিয়োগের প্রশংসা করে। এরিয়া এজেনসিজ অন এজিং (Area Agencies on Aging) এর 59-টির নেটওয়ার্ক বয়স্ক প্রাপ্তবয়স্কদের এবং তাদের পরিবারের স্বাস্থ্য, নিরাপত্তা এবং সুস্থতার জন্য অত্যাবশ্যক, এবং কোভিড-19 পরিষেবার চাহিদা প্রায় 100% বৃদ্ধি করেছে। আমাদের নেটওয়ার্ককে অতিরিক্ত অর্থায়নের মাধ্যমে ক্ষমতায়ন ও উন্নত করা হয়েছিল, এবং নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং (New York State Office for the Aging) এ আমাদের অংশীদাররা এই তহবিলগুলি সম্প্রদায়ের প্রদানকারীদের কাছে দ্রুত পৌঁছয় তা নিশ্চিত করার জন্য কঠোর পরিশ্রম করেছে। আমরা গভর্নর হোচুল এবং তার এজিং নেটওয়ার্কের জন্য দীর্ঘস্থায়ী সমর্থন, এবং বয়স্ক নিউ ইয়র্কবাসীরা মর্যাদা, স্বায়ত্তশাসন এবং সম্মান সহ বয়ো:বৃদ্ধি করতে সক্ষম হন তা নিশ্চিত করার প্রতি তার অঙ্গীকারবদ্ধতার জন্য কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন